ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



বাবা-মায়ের কারণে প্রথম প্রেম ভেঙে যায় : জাহ্নবী

পৃঃ ৫




লিগের প্রথম ম্যাচেই নিয়মভঙ্গ, শাস্তি হতে পারে মেসির

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২৪২ ● কলকাতা ● ১৫ ভাদ্র, ১৪৩০ ● শনিবার ● ০২ সেপ্টেম্বর, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা

## ১৪৪ কোটির সংখ্যালঘু স্কলারশিপ কেলেঙ্কারি! নাম রয়েছে বাংলারও, এফ আই আর করল সিবিআই





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সংখ্যালঘু স্কলারশিপ কেলেঙ্কারির অভিযোগে এফআইআর দায়ের করল সিবিআই। ১৪৪ কোটি টাকা তছরুপের অভিযোগে দুর্নীতি দমন আইন ও অপরাধমূলক ষড়যন্ত্র প্রতারণার ধারায় মামলা রুজু হয়েছে। জানা যাচ্ছে, ২১টি রাজ্যে সংখ্যালঘুদের স্কলারশিপ নিয়ে গড়মিলের তথ্য হাতে এসেছে সংখ্যালঘু মন্ত্রকের। তার ভিত্তিতে গত ১০ জুলাই সিবিআই-এর কাছে একটি অভিযোগ দায়ের করা হয়েছিল।কেবল সংখ্যালঘু মন্ত্রকই নয়, এই রাজ্যেও এই ঘটনার প্রেক্ষিতে তিনটি আলাদা অভিযোগ দায়ের হয়েছে। জানা গিয়েছে, ২১টি রাজ্যের যে তালিকা সংখ্যালঘু মন্ত্রকের তরফে তৈরি করা হয়েছে, তাতে প্রথমেই রয়েছে অসম। সেখানে ভুয়ো শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা রয়েছে ২২৫টি। তারপর কর্ণাটক, সেখানে ১৬২টি, উত্তরপ্রদেশে ১৫৪টি শিক্ষা প্রতিষ্ঠানের নাম রয়েছে। বাংলায় এরকম ১৪টি ভুয়ো শিক্ষা প্রতিষ্ঠানের নাম রয়েছে বলে জানা গিয়েছে। এফআইআর দায়ের করে এবার সেই গড়মিলের তদন্তে কেন্দ্রীয় তদন্তকারী

এরপর ৩ পাতায়

## বদলে যেতে চলেছে নেহরু মিউজিয়ামের নাম, নতুন নামকরণের অনুমোদন দিলেন রাষ্ট্রপতি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : নেহরু নামে** কোপ। এবার দিল্লির নেহরু মিউজিয়ামের নাম বদলে যেতে চলেছে। তার নতুন নাম হবে প্রধানমন্ত্রী মিউজিয়াম। ইতিমধ্যেই রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু তার অনুমোদনও দিয়ে দিয়েছেন। নেহরুর নাম দেশের ইতিহাস থেকে মুছে দিতেই এই সব কাজ করছে মোদী সরকার অভিযোগ করেছেন বিরোধীরা।এদিকে মুম্বইয়ে আজ একজোট হয়ে ২০২৪-এ মোদী সরকারের বিরোধিতায় লড়াইয়ে নামার রূপরেখা তৈরিতে ব্যবস্থ বিরোধীরা। ২৮টি অবিজেপি দলের নেতা নেত্রীরা যোগ দিয়েছেন সেই বৈঠকে। ৩১ তারিখ থেকে শুরু হয়েছে বৈঠক। আজ শেষ হওয়ার কথা। ইতিমধ্যেই সেখানে পৌঁছে গিয়েছেন অবিজেপি দলের শীর্ষ নেতারা। মুম্বইয়ের হায়াত হোটেলে চলছে বৈঠক।এই নিয়ে মোদী সরকারের বিরুদ্ধে সরব হয়েছে কংগ্রেস।স্বাধীনতার ইতিহাসে এবাবে নেহরুকে মুছে ফেলা যায় না। তাঁর অবদান যুব সমাজের কাছে সবসময় স্মরণীয় হয়ে থাকবে। এমনই দাবি করেছে বিরোধী দলের নেতারা। নেহরু মিউজিয়ামের নাম বদলে ফেলার পরিকল্পনা অনেকদিন আগে থেকেই শুরু করেছিল মোদী সরকার।

এবার দিল্লিতে গিয়ে আরক নেহরু মিউজিয়াম বললে হবে না বলতে হবে প্রধানমন্ত্রী মিউজিয়ামে যাব। মোদী সরকারের এই পদক্ষেপের তীব্র নিন্দা করে কংগ্রেস নেতা জয়রাম রমেশ বলেছেন, নেহরুকে ভয় পান প্রধানমন্ত্রী মোদী। সেকারণেই তাঁর নাম সরিয়ে ফেলার মরিয়া চেষ্টা চালাচ্ছেন তিনি। দেশের সবচেয়ে দীর্ঘ সময়ের প্রধানমন্ত্রী ছিলেন। তাঁর রেকর্ড ভাঙতে পারবেন না মোদী। এমনই তীব্র আক্রমণ শানিয়েছেন কংগ্রেস নেতারা।২০২৪-র লোকসভা ভোটেক আগে একের পর এক

এরপর ৩ পাতায়

## লোকসভায় হারা আসন নিয়ে দিল্লিতে বৈঠক নাড্ডার, বাংলার ২৪ কেন্দ্রে কী রিপোর্ট বিজেপির?




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মুম্বইয়ে যখন ইন্ডিয়া জোট আগামী লোকসভার রণকৌশল তৈরির চেষ্টায় কোমর বেঁধে নেমে পড়েছে, তখন বিশেষ পিছিয়ে নেই বিজেপিও। দেশের বিভিন্ন রাজ্যের পিছিয়ে থাকা ১২৪টি আসনে কী রণকৌশল সেটা ঠিক করতে বৈঠকে বসছেন বিজেপির সর্বভারতীয় সভাপতি জেপি নাড্ডাও। এই আসনগুলির মধ্যে বাংলার ২৪ আসন রয়েছে।বৈঠকে রাজ্যের দায়িত্বপ্রাপ্ত দলের কেন্দ্রীয় পর্যবেক্ষকরাও থাকবেন। দলীয় সূত্রে খবর, রিপোর্টে সাংগঠনিক দুর্বলতার বিষয়টিই মূলত উল্লেখ থাকছে। একইসঙ্গে দলের মধ্যে আদি-নব্য দ্বন্দ্বের জন্য সংগঠন যে দুর্বল হচ্ছে তাও উল্লেখ থাকছে রিপোর্টে। এদিকে, দলে এই আদি-নব্য কোন্দল, পুরনোদের গুরুত্ব না দেওয়া নিয়ে বঙ্গ বিজেপির ক্ষমতাসীন শিবিরের বিরুদ্ধে যে অভিযোগ উঠে আসছে সে সম্পর্কেই সোশ্যাল মিডিয়ায় ইঙ্গিত করেছেন বিজেপির কেন্দ্রীয় সম্পাদক অনুপম

এরপর ৩ পাতায়







# পদ হারালেন কৌস্তভ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** মুম্বইয়ে যখন বিজেপি বিরোধী জোটের বৈঠক চলছে, তখনও তৃণমূল এবং মমতা বন্দ্যোপাধ্যায় ও অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে বিষ ঢেলে যাচ্ছিলেন তিনি। এমনকি তৃণমূলের সঙ্গে জোট গড়া নিয়ে দলীয় নেতৃত্বকেও আক্রমণ শানতে পিছু পা হননি তিনি। দিনকয়েক আগে প্রদেশ কংগ্রেস সভাপতি অধীররঞ্জন চৌধুরীর সম্মতি নিয়েই মুখপাত্রদের ২৬ জনের নতুন একটি প্যানেল প্রকাশ করেছে প্রদেশ কংগ্রেস। সেখানে নাম নেই কৌস্তভের। কার্যত সেই সময়েই বুঝিয়ে দেওয়া হয়েছিল, কৌস্তভকে ধাক্কা দেওয়ার প্রক্রিয়া শুরু করে দেওয়া হয়েছে। এখন সেটাই আরও কড়া ভাবে বুঝিয়ে দেওয়া হল দলের মুখপাত্রের পদ থেকে সরিয়ে দিয়ে। দলের নেতারা কে কী ভাবছেন? প্রদেশ কংগ্রেসের কার্যত কেউই নেই কৌস্তভের পাশে। তাঁদের বক্তব্য, 'কংগ্রেস কর্মীরা কৌস্তভের মুখ আর মুখোশ দুটোই এতদিনে চিনতে পেরেছে। ওর বিজেপিকে তুষ্ট করতেই তাদের বিরুদ্ধে একটাও কথা বলছে না। আর বিজেপির উসকানিতেই এখন নেতৃত্বকে নিশানা করছে। আসলে গাঁয়ে মানে না আপনি মোড়ল গোছের নেতা হলে যা হয়। নিজের পাড়ায় সঙ্গে এক পিস লোক নেই। এক বছর সময় দিলেও দশজন লোক জোগাড় করতে পারবে না। যতসব কাগুজে বাঘ, ফেসবুক আর দু'চারটে বাজারি টিভি চ্যানেলের 'গ্যাস' খেয়ে ক্যামেরার সামনে মাথা ন্যাড়া করে তখন চমক দিয়েছিল। আসলে পুরোটাই তো বিজেপির সঙ্গে গটআপ করে নাটক করা। তলে তলে কাদের সঙ্গে সেটিং তা প্রদেশ কংগ্রেস থেকে এআইসিসি, সবাই ধরে ফেলেছে। কৌস্তভ এতদিন বলেছেন, "দলের নিচু তলার কর্মীদের আবেগের কথা আমি তুলে ধরি। কিন্তু ছাত্র পরিষদের মহাজাতি সদনের সভায় কৌস্তভ দলের সেই নিচুতলার কর্মীদের হাতেই বেধড়ক মার খেয়েছে। তাঁর দল বিরোধী ভূমিকা কংগ্রেসের সর্বস্তরে নজরে পড়েছে।'আর তার জেরেই এবার পদ হারা হলেন তিনি, মানে কৌস্তভ বাগচী। প্রদেশ কংগ্রেসের মুখপাত্রের পদ থেকে সরিয়ে দেওয়া হল তাঁকে। বিজেপির সঙ্গে যোগসাজশ রেখে চলা, গেরুয়া শিবিরের উসকানিতে দলীয় নেতৃত্বকে আক্রমণ করার অভিযোগের জেরেই এহেন পদক্ষেপ বলে প্রদেশ কংগ্রেস সূত্রে জানা গিয়েছে। আর এই পদক্ষেপে কৌস্তভকে যেমন বুঝিয়ে দেওয়া হল মমতা তথা তৃণমূল বিরোধিতায় লাগাম টানতে, ঠিক তেমনি দলের সকল নেতাকেই নিঃশব্দে বার্তা দিয়ে দেওয়া হল যে, তাঁরা যেন কেউ কৌস্তভের পথে পা না বাড়ান। আর এই পদক্ষেপটা নেওয়া হল এমন একটা সময়ে যখন গতকালই মুম্বইয়ে ইন্ডিয়া জোটের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে, রাজ্যে রাজ্যে নিজেদের মধ্যে ঝগড়াঝাঁটি বন্ধ করতে হবে।কার্যত কৌস্তভের পদ হারানোর মধ্যে বড় ধাক্কা কেউই দেখতে পাচ্ছে না। কেননা একাধিকবার তিনি তৃণমূলকে নিশানা বানাতে গিয়ে দলের নেতৃত্বকেই নিশানা বানিয়ে ফেলেছেন। তাঁকে বার বার সতর্ক করা হলেও নিজেকে শুধরে নেননি তিনি। কার্যত নিত্যদিন তিনি বিজেপির সুরে সুর মিলিয়ে তৃণমূলকে আক্রমণ চালিয়ে গিয়েছেন। সব থেকে বড় কথা, খোদ প্রদেশ কংগ্রেসেরই একটা বড় অংশের নেতারা মনে করেন কৌস্তভের এই বেপরোয়া মনোভাব ও কথাবার্তার মূলে রয়েছে, বিজেপির উসকানি। আর সেই কারণেই তিনি সবসময় তৃণমূলের বিরুদ্ধে মুখ খুললেও আজ পর্যন্ত বিজেপির বিরুদ্ধে একটি শব্দ খরচ করেননি। কার্যত কৌস্তভ নিজেই কয়েক দিন আগে আশঙ্কা প্রকাশ করেছিলেন যে, তাঁর বিরুদ্ধে দল কোনও পদক্ষেপ নেবে। এখন দেখা গেল সেটাই সত্যি হয়েছে।

# আমেরিকার বিপর্যয়ে পোয়াবারো চিনের!

## আফগান ভূমে 'চৈনিক চালে' উদ্বিগ্ন ভারতও

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** পাকিস্তান পেরিয়ে এবার আফগানিস্তানে শিকড় মজবুত করছে চিন। মার্কিন সেনা সরতেই দেশটিতে খনিজ সম্পদ আহরণে উদ্যোগী হয়েছে বেজিং। যা নিয়ে ইতিমধ্যে নাকি চুক্তিও স্বাক্ষরিত হয়েছে! তালিবানের সঙ্গে আমেরিকার তিক্ত সম্পর্ককে হাতিয়ার করেই আধিপত্য বিস্তার করতে চাইছে জিনপিং প্রশাসন। বিশ্লেষকদের মতে, আমেরিকা আফগানিস্তান থেকে সরতেই

এরপর ৩ পাতায়

# "আমি অন্ধভাবে নীরজ পান্ডের যে কোনও প্রকল্পের অংশ হতে রাজি" বলেন অনুপম খের,



**কলকাতা, 1st September 2023: নিউজ সারাদিন :** একটি নিষ্কাশন মিশনে থাকা একজন ব্যক্তি, সিরিয়ার যুদ্ধ-বিধ্বস্ত প্রতিকূল পরিবেশে বন্দী একটি তরুণী, কীভাবে সে এই মৃত্যুর পৃথিবী থেকে রক্ষা পাবে? ডিজনি+ হটস্টারে এই বছরের সবচেয়ে বড় এক্সট্রাকশন সিরিজ, 'দ্য ফ্রিল্যান্সার' প্রকাশ করতে প্রস্তুত। সিরিজটি শিরিশ থোরাটের বই -'এ টিকেট টু সিরিয়া' অবলম্বনে নির্মিত, ভব ধুলিয়া পরিচালিত, ফ্রাইডে স্টোরিটেলারস প্রযোজিত এবং নির্মাতা এবং শো রানার হলেন নীরজ পান্ডে। ডিজনি+ হটস্টারে ১ সেপ্টেম্বর, ২০২৩-এ মুক্তি পেতে চলেছে, দ্য ফ্রিল্যান্সারে অভিনয় করেছেন জনপ্রিয় অভিনেতা মোহিত রায়না এবং কাশ্মীরা পরদেশীর সাথে বর্ষীয়ান অভিনেতা অনুপম খের। সিরিজটিতে সুশান্ত সিং, জন কোকেন, গৌরী বালাজি এবং নবনীত মালিক, মঞ্জিরি ফাডনিস, সারাহ জেন ডায়াসের মতো প্রতিভাবান অভিনেতারাও রয়েছেন।

পরিচালক-অভিনেতা জুটির মধ্যে বন্ধুত্ব; নীরজ পান্ডে এবং অনুপম খের দর্শক এবং ভক্তদের কাছে এখন আর নতুন নয়। যখন একটি প্রকল্পের জন্য অনুপম খেরের চমৎকার অভিনয়ের মাধ্যমে যখন নীরজ পাণ্ডের সৃজনশীল দৃষ্টিভঙ্গি ফুটে ওঠে, তখন একটি মাস্টারপিসের চেয়ে কম কিছুই তৈরি হয় না। নীরজ পান্ডের দ্য ফ্রিল্যান্সার-এর অংশ হওয়ার বিষয়ে অনুপম খের যা বলেছেন তাই এখানে

দ্য ফ্রিল্যান্সার সম্পর্কে বলতে গিয়ে অনুপম খের বলেন,"আমি মনে করি নীরজ পান্ডের সাথে কাজ করা অত্যন্ত আকর্ষণীয়। যখনই তিনি আমাকে তার কোন প্রজেক্টের অংশ হতে বলেন, আমি শুধু অন্ধভাবে এটি করতে রাজি হয়ে যাই, কিন্তু দ্য ফ্রিল্যান্সার আমার কাছে বিস্ময়কর ছিল কারণ আমি জানতাম না যে এই প্রজেক্টের স্কেল এত বড় এবং অভিজাত হবে। যখন কেউ স্ক্রিপ্টটি শোনেন, আপনি শোটি কেমন হবে সে সম্পর্কে চিন্তা করার এবং একটি উপলব্ধি তৈরি করার প্রবণতা তৈরি করেন, কিন্তু যখন আমি ফুটেজ এবং তারপরে ট্রেলারটি দেখেছিলাম, তখন এটি কেবল অসাধারণ ছিল।"

আলিয়াকে বাঁচানোর জন্য 'দ্য ফ্রিল্যান্সার'-এর মিশনের সাক্ষী থাকুন, ১ সেপ্টেম্বর, ২০২৩ থেকে, শুধুমাত্র ডিজনি+ হটস্টার-এ


# ১৩ সদস্যের সমন্বয় কমিটি গড়ল 'ইন্ডিয়া', রয়েছেন অভিষেক




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** শুক্রবার দুপুরে মুম্বইয়ের সান্তাক্রুজ এলাকায় হোটেল গ্র্যান্ড হায়াতে বিজেপি বিরোধী ২৮টি দলের শীর্ষ নেতা-নেত্রীদের বৈঠকে তৈরি হল ১৩ জনের কো-অর্ডিনেশন (সমন্বয়) কমিটি। ওই কমিটিতে তৃণমূলের প্রতিনিধি হিসাবে রয়েছেন দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়। ইন্ডিয়া'র তরফে একটি প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, দ্রুততার ভিত্তিতে আসন্ন লোকসভা এবং বিধানসভা নির্বাচনগুলিতে 'যতটা ঐক্যবদ্ধ ভাবে' লড়াইয়ের জন্য প্রার্থী নির্বাচনের প্রক্রিয়া শুরু হবে। ১৩ জনের সমন্বয় কমিটিতে নেই সিপিএমের কোনও নেতা! শিবসেনা নেতা সঞ্জয় রাউত জানিয়েছেন, কমিটিতে সিপিএমের এক নেতাকে অন্তর্ভুক্ত করা হবে। তাঁর নাম পরে জানাবে সিপিএম।সংবাদ সংস্থা পিটিআই জানাচ্ছে, ১৩ জনের সমন্বয় কমিটির অন্য নামগুলি হল শরদ পওয়ার (এনসিপি), কেসি বেণুগোপাল (কংগ্রেস), এমকে স্ট্যালিন (ডিএমকে), তেজস্বী যাদব (আরজেডি), হেমন্ত সোরেন (জেএমএম), মেহবুবা মুফতি (পিডিপি), ওমর আবদুল্লা (ন্যাশনাল কনফারেন্স), সঞ্জয় রাউত (শিবসেনা-উদ্ধব), লালন সিংহ (জেডিইউ), জাভেদ আলি খান (সমাজবাদী পার্টি), ডি রাজা (সিপিআই) এবং রাঘব চড্ডা (আপ)।

গত ২৩ জুন পটনায় বিহারের মুখ্যমন্ত্রী নীতীশের আহ্বানে ১৭টি বিরোধী দলের প্রথম বৈঠক হয়। ১৭-১৮ জুলাই বেঙ্গালুরুতে ২৬টি দলের শীর্ষ নেতৃত্বের উপস্থিতিতে আনুষ্ঠানিক ভাবে আত্মপ্রকাশ করে 'ইন্ডিয়া'। শুক্রবার 'ইন্ডিয়ার বৈঠকে জোটের আনুষ্ঠানিক স্লোগানও ঘোষিত হয়েছে 'জুড়েগা ভারত, জিতেগা ইন্ডিয়া'।

# সব ভারতীয়ই হিন্দু, হিন্দু মানেই ভারত', বিস্ফোরক দাবি আর এস এস প্রধান মোহন ভাগবতের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারত হিন্দুরাষ্ট্র। তাই এদেশে বসবাসকারী প্রত্যেক নাগরিকই হিন্দু। সমস্ত ভারতবাসীর হয়েই প্রতিনিধিত্ব করে হিন্দু ধর্ম। নাগপুরের একটি অনুষ্ঠানে এই মন্তব্য করলেন আরএসএস প্রধান মোহন ভাগবত। তিনি আরও বলেন, এই কথাগুলি বুঝতে পেরেও মানতে চান না দেশবাসীর একটা বড় অংশ।তিনি আরও বলেন, 'সকলেই এই সার বিষয়টি বুঝতে পেরেছেন। কিন্তু অনেকেই এটা অস্বীকার করেন। দীর্ঘদিনের অভ্যাসবশত নিজেদের হিন্দু বলে পরিচয় দেননা তাঁরা। আবার কেউ কেউ স্বার্থপর। কেউ আবার এখনও বুঝতেই পারেননি তাঁরা হিন্দুরাষ্ট্রের অন্তর্ভুক্ত।'

সংবাদপত্রের ভবন উদ্বোধন করতে গিয়ে সাংবাদিকতার ধরণ নিয়েও মুখ খোলেন ভাগবত। আরএসএস প্রধানের মতে, 'সমস্ত রকমের খবরই মানুষের কাছে পৌঁছে দেওয়া উচিত। সঠিক তথ্য জানাতে হবে মানুষকে। কিন্তু তার পাশাপাশি নিজেদের আদর্শকেও বজায় রাখতে হবে। গোটা দুনিয়াই হিন্দু আদর্শকে সমাদর করে কারণ এর কোনও বিকল্প নেই।'কারণ তাঁরা স্বার্থপর। প্রসঙ্গত, আগেও একাধিকবার ভাগবতের মুখে শোনা গিয়েছে হিন্দুরাষ্ট্রের দাবি। তাঁর মতে, জিনগতভাবেই প্রত্যেক ভারতবাসী হিন্দু ধর্মাবলম্বী।

শুক্রবার নাগপুরের দৈনিক তরুণ ভারত সংবাদপত্রের একটি ভবন উদ্বোধনের অনুষ্ঠানে যোগ দিয়েছিলেন আরএসএস প্রধান। সেখানেই বক্তৃতা দেওয়ার সময়ে বলেন, 'হিন্দুস্তান তথা ভারত হল হিন্দুরাষ্ট্র। এটাই সত্যি। তাই সব ভারতীয়রাই হিন্দু। আর হিন্দু মানেই সকল ভারতীয়কে বোঝানো হয়। আজ যতজন মানুষ ভারতে বসবাস করেন তাঁরা সকলেই হিন্দু সংস্কৃতির সঙ্গে জড়িত। হিন্দু রাষ্ট্র থেকে হিন্দু পূর্বসূরি, সমস্ত কিছুর সঙ্গেই হিন্দুত্বের যোগসূত্র রয়েছে।'

# লিপস অ্যান্ড বাউন্ডসের ১৬টি ফাইল আদালতে জমা দিন, অভিষেকের মামলায় নির্দেশ হাইকোর্টের




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** লিপস অ্যান্ড বাউন্ডস কোম্পানির কম্পিউটারে ১৬টা ফাইল ডাউনলোড করে দিয়েছে ইডি! এমন অভিযোগে সরগরম রাজ্য রাজনীতি। এই নিয়ে লালবাজারেও অভিযোগ দায়ের হয়েছে। এবার সেই ১৬টি ফাইল দেখতে চাইল হাইকোর্ট ।পর্যবেক্ষকদের একাংশের মতে, লিপস অ্যান্ড বাউন্ডস মামলায় অভিষেককে ডাকতে পারে ইডি। তাই আগেভাগেই হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন তিনি। শুক্রবার এই মামলার শুনানিতে বিচারপতি বলেন, শনিবারের মধ্যে ওই ১৬টি ফাউল আদালতে জমা দিতে হবে।

তিনি আরও বলেন, এই মামলায় আগেই ইসিআর বাতিলের আবেদন করা হয়েছিল। তারপর ফের নতুন করে কেন আবেদন করা হল? একই মামলা দু'টি কোর্টে চলবে তা কী করে হয়? তারপরই ১৬টি ফাইল চেয়ে পাঠান বিচারপতি। তিনি মন্তব্য করেন, 'এই ইস্যু শেষ করতে চাই।' আগামীকাল অর্থাত শনিবার ফের এই মামলার শুনানি রয়েছে।শুক্রবার নিয়োগ দুর্নীতি সংক্রান্ত অভিষেক বন্দ্যোপাধ্যায়ের করা মামলায় বিচারপতি তীর্থঙ্কর ঘোষ জানতে চান, ওই ১৬টি ফাইলে কী আছে?

গত ২১ অগস্ট নিয়োগ দুর্নীতির তদন্তে লিপস অ্যান্ড বাউন্ডস সংস্থার অফিসে ম্যারাথন তল্লাশি অভিযান চালায় ইডি। তল্লাশি শেষে কোম্পানির বেশকিছু নথি নিয়ে যান ইডি আধিকারিক। তারপর ইডি এই তল্লাশি অভিযান নিয়ে একটি বিবৃতি জারি করে। তাতে সরাসরি নাম জড়িয়ে যায় অভিষেক বন্দ্যোপাধ্যায়ের। তারপরই অন্য একটি মামলায় বিচারপতি অমৃতা সিনহা ইডির থেকে জানতে চায়, অভিষেকের বিরুদ্ধে নিয়োগ দুর্নীতির তদন্তের অগ্রগতি কেমন। বৃহস্পতিবারই অভিষেক হাইকোর্টে মামলা করেন। তাঁর আইনজীবীর বক্তব্য ছিল, ইডির আবেদন খারিজের দাবিতে করা মামলা এখনও বিচারাধীন। শুনানি শেষে ওই মামলার রায়দান স্থগিত রয়েছে। তারমধ্যে একই মামলায় ফের কীভাবে ইডি ততপর হতে পারে?

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

১-ম পাতার পর

## বদলে যেতে চলেছে নেহরু মিউজিয়ামের নাম, নতুন নামকরণের অনুমোদন দিলেন রাষ্ট্রপতি

সিদ্ধান্ত নিতে মোরিয়া হয়ে উঠেছে মোদী সরকার। হঠাৎ করে সেপ্টেম্বর মাসে বিশেষ সংসদ অধিবশ শুরু করার কথা ঘোষণা করা হয়েছে। সেই অধিবেশনে এক দেশ এক এক নির্বাচন নিয়ে বিল পেশ করা হবে বলে জানা যাচ্ছে। ইতিমধ্যেই তা নিয়ে পর্যালোচনার জন্য প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের নেতৃত্বে একটি কমিটিও গঠন করেছে মোদীসরকার।

১-ম পাতার পর

## লোকসভায় হারা আসন নিয়ে দিল্লিতে বৈঠক নাড্ডার, বাংলার ২৪ কেন্দ্রে কী রিপোর্ট বিজেপির?

হাজরা ।উনিশের ভোটে দখলে না থাকা ২৪টি আসন নিয়ে নাড্ডার কাছে খুব একটা আশাপ্রদ রিপোর্ট দলের কেন্দ্রীয় নেতৃত্ব দিতে পারছেন না বলেই গেরুয়া শিবির সূত্রে খবর। উনিশের লোকসভা ভোটে কম সংখ্যার ব্যবধানে বিজেপির হারা আসনের সংখ্যা ১২৪টি। এই আসনগুলিতে জেতার ব্যাপারে গত একবছর ধরেই মাঠে নেমেছিল গেরুয়া শিবির ।বাংলাতেও এইরকম ২৪টি আসনের দায়িত্ব দেওয়া হয়েছিল কেন্দ্রীয় মন্ত্রী ধর্মেন্দ্র প্রধান, স্মৃতি ইরানিদের। বার বার বাংলায় এসে তারা এইসব লোকসভা আসনগুলির সাংগঠনিক অবস্থা খতিয়ে দেখেন। সেখানকার নেতা-কর্মীদের সঙ্গে বৈঠক করেন। বাংলার সেই ২৪টি লোকসভা কেন্দ্রে দলের সাংগঠনিক অবস্থা কি, রাজনৈতিক পরিস্থিতি আদৌ পদ্ম শিবিরের পক্ষে অনুকূল কি না, এসব নিয়েই আজ বিস্তারিত রিপোর্ট নাড্ডাকে দেবেন ধর্মেন্দ্র প্রধান ও স্মৃতি ইরানিরা। এই আসনগুলি কীভাবে জেতা সম্ভব, সেটা নিয়েও আজ আলোচনা হবে।

১-ম পাতার পর

## ১৪৪ কোটির সংখ্যালঘু স্কলারশিপ কেলেঙ্কারি! নাম রয়েছে বাংলারও, এফ আই আর করল সিবিআই

সংস্থা ।অভিযোগে বলা হয়, ২১টি রাজ্যে ১৫৭২টি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে ৮৩০টি ভুয়ো প্রতিষ্ঠানের সন্ধান মিলেছে। ওই ভুয়ো শিক্ষা প্রতিষ্ঠানের মাধয়মেই ২০১৭-২০২২ সাল, পাঁচ বছরের মধ্যে সংখ্যালঘু পড়ুয়াদের স্কলারশিপের নামে এই মন্ত্রকে ১৪৪ কোটি টাকা তছরুপের অভিযোগ উঠছে। সম্প্রতি ন্যাশনাল স্কলারশিপ পোর্টালের মাধ্যমে ১৫০০ বেশি সন্দেহজনক প্রতিষ্ঠানের মূল্যায়ন করা হয়েছিল সংখ্যালঘু মন্ত্রকের তরফে। সেখানেই ধরা পড়ে ৮৩০টি ভুয়ো প্রতিষ্ঠান রয়েছে। যারা ভুয়ো ভাবে সংখ্যালঘু স্কলারশিপের আবেদন জানায়। সেখান থেকেই দুর্নীতির বীজ রোপিত হয়।

## দিল্লির মেট্রোর যাত্রী সংখ্যা প্রাক-কোভিড স্তরকে ছাড়িয়ে যাওয়ায় সন্তোষ প্রকাশ প্রধানমন্ত্রীর



**নতুন দিল্লি, ১ সেপ্টেম্বর, ২০২৩ : নিউজ সারাদিন :** দিল্লি মেট্রোর প্রাত্যহিক যাত্রী সংখ্যা বাড়ায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সন্তোষ প্রকাশ করেছেন। এক এক্স বার্তায় কেন্দ্রীয় আবাসন ও নগরোন্নয়ন মন্ত্রী হরদীপ সিং পুরি জানিয়েছিলেন, দিল্লি মেট্রোর প্রাত্যহিক যাত্রী সংখ্যা প্রাক-কোভিড স্তরকে ছাড়িয়ে চিরকালীন উচ্চতায় পৌঁছেছে। ২০২০ সালের ১০ ফেব্রুয়ারি দিল্লি মেট্রোতে যাত্রী সংখ্যা ছিল ৬৬ লক্ষ ১৮ হাজার ৭১৭। ২০২৩ সালের ২৮ অগাস্ট যাত্রী সংখ্যা হয়েছে ৬৮ লক্ষ ১৬ হাজার ২৫২।

এর উত্তরে প্রধানমন্ত্রী তাঁর এক্স বার্তায় বলেছেন;

"দারুন খবর। আমাদের শহরগুলিতে যাতে আধুনিক ও স্বাচ্ছন্দ্যপূর্ণ গণ পরিবহন ব্যবস্থা সুনিশ্চিত করা যায়, সেই লক্ষ্যে আমাদের সরকার কাজ চালিয়ে যাবে।"

## এক দেশ এক ভোট করতে আমূল বদলাতে হবে পরিকাঠামো

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ভারতে 'এক দেশ এক ভোট' প্রথা চালু করতে উদ্যোগী হয়েছে কেন্দ্রীয় সরকার। এই মর্মে নরেন্দ্র মোদী এক কমিটি গড়ে প্রক্রিয়া শুরু করে দিয়েছেন। কমিটির মাথায় বসানো হয়েছে প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দকে। কিন্তু একসঙ্গে ভোট করতে গেলে সরকারের আগে বদলাতে হবে পরিকাঠামো। এক দেশ এক ভোট ব্যবস্থা চালু হলে কী কী সুবিধা পাওয়া যাবে? তার মধ্যে সর্বপ্রথম আসবে আর্থিক বিষয়টি। আর্থিক খরচ অনেক সাশ্রয় হবে। ভোটকর্মী, যানবাহন, নিরাপত্তা-সমস্ত খাতেই এক খরচে সমস্ত নির্বাচন হয়ে যাবে। সরকারি কাজ ব্যহত হবে না বারবার। পরিষেবা থমকে থাকবে না। কেননা আদর্শ আচরণবিধি লাগু করতে হবে না বারবার।

এর অসুবিধা কী কী? এক দেশ এক ভোট চালু হলে সবথেকে বিপাকে পডবে আঞ্চলিক দলগুলি। তারা নির্বাচনে রাজ্যের জন্য যে পৃথক ইস্তেহার প্রকাশ করবে বা ভিন্ন অ্যাজেন্ডা নিয়ে লড়বে, তা জাতীয় অ্যাজেন্ডার কাছে চাপা পড়ে যাবে। জাতয় দলগুলিই বেশি সুবিধা পাবে। যৌথ ভোটে সর্বদা জাতীয় ইস্যুই প্রাধান্য পায় ।সেইসঙ্গে কার লাভ আর কার ক্ষতি, সেই বিষয়টিও পর্যালোচনা হচ্ছে। হঠাত করেই কমিটি গঠন করা হয়ে গেল, বিশেষ অধিবেশন ডাকা হল। নির্বাচনের এই নয়া ব্যবস্থা চালুর জন্যই উদ্যোগ নেওয়া হল কেনদ্রীয় সরকারের পক্ষে। কিন্তু এক লহমায় আমুল বদল বা পরিকাঠামোর পরিবর্তন কি সম্ভব?

সংসদে তড়িঘড়ি বিল পাস করিয়ে আগামী বছরই দেশের লোকসভা নির্বাচনের সঙ্গে সমস্ত রাজ্যর বিধানসভা নির্বাচন করিয়ে নিতে চাইছে কেন্দ্রের বিজেপি নেতৃত্বাধীন সরকার। সংসদে বিল পাস করানোর পর, দেশের অন্তত দুই-তৃতীয়াংশ অর্থাত প্রায় ২০টি বিধানসভায় এই বিল অনুমোদন করাতে হবে।এই মুহূর্তে দেশে ১৪টি রাজ্যে এককভাবে বা জোটের সরকার চালাচ্ছে বিজেপি। এখনও ৬টি রাজ্য বিধানসভার অনুমোদন চাই। সংবিধান সংশোধন করলেই শুধু চলবে না। সংসদীয় ব্যবস্থা ও জনপ্রতিনিধি আইনেও অনেক পরিবর্তন আনতে হবে। বিজেপির ২০২৪-এর লোকসভা ভোটের সঙ্গে সমস্ত বিধানসভা নির্বাচন করায় অনেক অন্তরায় রয়েছে।

তবে প্রাথমিক খরচ কমবে মনে হলেও পরিকাঠামো তৈরি করতে খরচ অনেক বাড়বে। একসঙ্গে ভোট করতে গেলে সবার আগে দরকার ইভিএম ও ভিভিপ্যাটের সংখ্যা বাড়ানো। অনেক বেশি সংখ্যক ইভিএম এবং ভিভিপ্যাট দরকার। প্রতি পোলিং স্টেশনে ইভিএমের দুটি সেট লাগবে। অর্থাত ডবল ইভিএম ও ভিভিপ্যাট মজুত রাখতে হবে।

আমাদের দেশে বর্তমানে ১০ লক্ষ ভোট গ্রহণ কেন্দ্র রয়েছে। মনে করা হচ্ছে কমপক্ষে ৪০ শতাংশ ব্যালটিং ইউনিট এবং ২০ শতাংশ কন্ট্রোলিং ইউনিট বাড়াতে হবে। নিদেনপক্ষে ২৮ লক্ষ ব্যালটিং ইউনিট এবং ২৪ লক্ষ কন্ট্রোলিং ইউনিট প্রয়োজন। প্রতি ইউনিটের যথাক্রেম ৮০০০ ও ৯৫০০ টাকা খরচ ধরে মোট ৩৫৭০.৯০ কোটি টাকা বরাদ্দ করতে হবে। আবার ২৫ হাজার ইউনিট ভিভিপ্যাটের জন্য প্রতিটির ২২৮৫৩ টাকা খরচ হিসেবে বরাদ্দ করতে হবে ৫৭১৩.২৫ কোটি টাকা। শুধু ইভিএম ও ভিভিপ্যাটের খরচেই ৯২৮৪.১৫ কোটি টাকা বরাদ্দ করতে হবে। আবার এই মেশিন ব্যবহার করা যাবে তিন থেকে চারবার অর্থাত ১৫ বছর পরেই বাতিল হবে মেশিন। তারপর ফের সেই খরচ। ফলে এক দেশ এক ভোট ব্যবস্থায় খরচ সে অর্থে কমবে না।

## ক্যান্সার নিরাময়ে পরিকাঠামো শক্তিশালী করার প্রয়াসের প্রশংসা প্রধানমন্ত্রীর

**নতুন দিল্লি ১ লা সেপ্টেম্বর : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ক্যান্সার নিরাময়ে পরিকাঠামো শক্তিশালী করার প্রয়াসের প্রশংসা করেছেন। কেন্দ্রীয় শ্রম এবং কর্মসংস্থান মন্ত্রী শ্রী ভূপেন্দর যাদব এক্স হ্যান্ডেলে লিখেছেন, ইএসআই কর্পোরেশনের ১৯১ তম বৈঠকে দেশ জুড়ে ৩০ টি ইএসআইসি হাসপাতালে কেমোথেরাপি পরিষেবা চালু করা হয়েছে।

প্রধানমন্ত্রী এর উত্তরে বলেন; "ক্যান্সার নিরাময়ে পরিকাঠামো শক্তিশালী করার প্রশংসনীয় উদ্যোগ। দেশ জুড়ে বহু মানুষ এতে উপকৃত হবেন"।

## চালু হল দুয়ারে সরকার, থাকছে নতুন ৫ প্রকল্প, মিলবে লাখ লাখ টাকার সুবিধা






**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সরকারি সুবিধা পেতে যাতে সরকারি অফিসের দরজায় বারবার দৌড়ে চটির তলা ক্ষয় হতে না হয় তার জন্য পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে চালু করা হয়েছে দুয়ারে সরকার । দুয়ারে সরকার ক্যাম্প থেকে কি কি সুবিধা পাওয়া যায় তা রাজ্যের অধিকাংশ মানুষই জানেন। অন্যদিকে পরিযায়ী শ্রমিকদের রেজিস্ট্রেশনের জন্য যে প্রকল্প চালু করা হয়েছে তা খুবই গুরুত্বপূর্ণ। কারণ এই রেজিস্ট্রেশনের মাধ্যমে রাজ্য সরকারের কাছে পরিযায়ী শ্রমিকদের একটি ডেটাবেস তৈরি হবে। রেজিস্ট্রেশন থাকা কোন পরিযায়ী শ্রমিক যদি অন্য রাজ্যে কাজ করতে গিয়ে দুর্ঘটনায় মারা যান তাহলে তার পরিবার দু'লক্ষ টাকা আর্থিক সাহায্য পাবে। এছাড়াও দুর্ঘটনাগ্রস্থ হয়ে আহত হলে আর্থিক সাহায্য দেওয়া হবে চিকিৎসার জন্য এবং যদি কোন পরিযায়ী শ্রমিকের অঙ্গহানি সহ অন্য কোন বড় ঘটনা ঘটে তাহলে ১ লক্ষ টাকা দেওয়া হবে।এই ক্যাম্প বিভিন্ন এলাকায় বসে এবং সেখানেই সরকারি বিভিন্ন প্রকল্পের সুবিধা পেতে আবেদন করতে পারেন রাজ্যের বাসিন্দারা।

একুশের বিধানসভা নির্বাচনের আগে পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের তরফ থেকে চালু করা এই প্রকল্পের মধ্য দিয়ে ইতিমধ্যেই একাধিকবার ক্যাম্প করা হয়েছে। এবার সেপ্টেম্বর মাসের ১ তারিখ থেকে চালু হল নতুন ক্যাম্প। রাজ্যের বিভিন্ন সরকারি প্রকল্পের সুবিধা এবারের ক্যাম্পেও মিলবে। এর পাশাপাশি এবারের ক্যাম্পে ৫টি নতুন প্রকল্পের সুবিধা পাবেন সাধারণ মানুষেরা। নতুন ৫টি প্রকল্পের জন্য আবেদন করার সুযোগ করে দেওয়ার ফলে আর এই সকল প্রকল্পের জন্য ছোটাছুটি করতে হবে না।নবান্ন সূত্রে জানা যাচ্ছে, ১ সেপ্টেম্বর থেকে ১৬ সেপ্টেম্বর পর্যন্ত নতুন এই দুয়ারে সরকার ক্যাম্প চালু করা হবে। নির্ধারিত ওই দিনের মধ্যে কেবলমাত্র রবিবার এবং ছুটির দিন বাদে পরিষেবা পাবেন সাধারণ মানুষেরা। গতবারের ক্যাম্পে যেমন লক্ষ্মীর ভাণ্ডার, স্বাস্থ্যসাথী, রূপশ্রী, ঐক্যশ্রী সহ ৩৩ টি প্রকল্পের সুবিধা পাওয়া গিয়েছিল, ঠিক সেই রকমই এই সকল প্রকল্পের সুবিধা পাওয়ার পাশাপাশি বার্ধক্য ভাতা, পরিযায়ী শ্রমিকদের নথিভুক্তিকরণ, উদ্যম পোর্টাল অর্থাত ক্ষুদ্র, মাঝারি ও কুটিরশিল্পের নথিভুক্তিকরণ, হস্তশিল্পী ও তাঁতশিল্পীদের তালিকা তৈরি করার কাজ হবে। ১ থেকে ১৬ সেপ্টেম্বর পর্যন্ত আবেদন গ্রহণ করার পর ১৮ সেপ্টেম্বর থেকে ৩০ সেপ্টেম্বরের মধ্যে সেই সকল আবেদনের ভিত্তিতে সুবিধা প্রদান করা হবে।নতুন যে ৫টি প্রকল্পের সুবিধা এবার দুয়ারে সরকারের ক্যাম্পে দেওয়া হবে তার মধ্যে উল্লেখযোগ্য হলো বার্ধক্য ভাতা এবং পরিযায়ী শ্রমিকদের রেজিস্ট্রেশন। বার্ধক্য ভাতা হলো ৬০ বছরের ঊর্ধ্বে থাকা ব্যক্তিদের পেনশন দেওয়ার বন্দোবস্ত করা। এই প্রকল্পের আবেদনের ভিত্তিতে সরকারের তরফ থেকে নথি যাচাই করার পর উপযুক্ত আবেদনকারীকে সরকারি সুবিধা দেওয়া হবে। সরকারি সুবিধা হিসাবে প্রতি মাসে এক হাজার টাকা করে পেনশন দেবে রাজ্য।

২ পাতার পর

## আমেরিকার বিপর্যয়ে পোয়াবারো চিনের! আফগান ভূমে 'চৈনিক চালে' উদ্বিগ্ন ভারতও



ফাঁকা মাঠে নেমে পড়েছে চিন । দেশটিতে মজুত বহুমুল্য ধাতুর সন্ধানে আগেও পরীক্ষনিরীক্ষা চালিয়েছিল বেজিং। এই মুহূর্তে রাশিয়া ইউক্রেন যুদ্ধ নিয়ে ব্যস্ত থাকায় আফগানভূমে আধিপত্য বিস্তার করার দৌড়ে এগিয়ে রয়েছে জিনপিং প্রশাসন। অন্যদিকে, আফগানিস্তানের এই পদক্ষেপ উদ্বিগ্ন ভারত। কারণ পাহাড়ি দেশটিতে প্রচুর লগ্নি রয়েছে নয়াদিল্লিরও।জিনপিং প্রশাসন যদি তালিবানের সঙ্গে হাত মেলায় তাহলে তাদের মদতে খর্ব হবে ভারতের ক্ষমতা। তাছাড়া, চিনের উসকানিতে তালিবানের মদতে সন্ত্রাসবাদীরা ভারতকে অশান্ত করে তোলার চেষ্টা চালাতে পারে।

উল্লেখ্য, টুইন টাওয়ার হামলার পর আফগানিস্তানে প্রায় দুই দশক ধরে যুদ্ধ করেছে আমেরিকা। অবশেষে ২০২১ সালে সেখান থেকে আমেরিকা সেনা প্রত্যাহার করলে ক্ষমতা দখল করে তালিবান। তারপর থেকেই কাবুলিওয়ালার দেশে শুধুই রয়েছে অরাজকতা। জেহাদিদের অত্যাচারে চরম দুর্দশায় দিন কাটছে নিরীহ আফগানদের।অন্যদিকে, বেজিংয়ের এই পদক্ষেপে কপালে চিন্তার ভাঁজ পড়েছে নয়াদিল্লির। কারণ, আফগানিস্তানে ভারতের বিনিয়োগ কমকিছু নয়।

সংবাদ সংস্থা এপি সূত্রে খবর, ৬৫০ কোটি মার্কিন ডলারের সাতটি খনি চুক্তি স্বাক্ষর হয়েছে বলে বৃহস্পতিবার জানিয়েছে আফগানিস্তানের তালিবান শাসকরা। এ বিষয়ে তালিবানের অর্থনৈতিক বিষয়ক মন্ত্রকের ডেপুটি প্রাইম মিনিস্টার আবদুল ঘানি বারাদার আখুন্দ বলেছে, 'খনি চুক্তিগুলির মাধ্যমে দেশে হাজার হাজার কর্মসংস্থান হবে এবং আর্থিক উন্নতি হবে।' যে যে সংস্থাগুলির সঙ্গে কাবুলের চুক্তি হয়েছে সেগুলিকে স্থানীয় কোম্পানি বলে দাবি তালিবান প্রশাসনের। কিন্তু এই কোম্পানিগুলির শিকর রয়েছে চিন, ইরান ও তুরস্কের মতো দেশে। ফলে আফগানিস্তানে আধিপত্য বিস্তার করার 'চৈনিক চাল' স্পষ্ট।

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২৪২ সংখ্যা ০২ সেপ্টেম্বর, ২০২৩ শনিবার ১৫ ভাদ্র, ১৪৩০

## সম্পাদকীয়

## ভারতীয় নৌবাহিনীতে যুক্ত হতে চলেছে যুদ্ধজাহাজ মহেন্দ্রগিরি

ভারতীয় নৌবাহিনীর আরও শক্তি বৃদ্ধি হতে চলেছে । নৌবাহিনীর হাতে আসতে চলেছে দেশীয় প্রযুক্তিতে তৈরি যুদ্ধজাহাজ মহেন্দ্রগিরি । আজ শুক্রবার দেশের ভাইস প্রেসিডেন্ট জগদীপ ধনখরের হাত দিয়ে মহেন্দ্রগিরির শুভ উদ্বোধন হবে । যুদ্ধজাহাজটি মুম্বাইয়ের মাজাগন ডক শিপবিল্ডার্স লিমিটেড থেকে চালু করা হবে ।মহেন্দ্রগিরিকে ২০২২ সালের জুনে স্থাপন করা হয়েছিল এবং পূর্ববর্তী সংস্করণগুলির মতো এটি সমন্বিত নির্মাণ পদ্ধতিতে নির্মিত হয়েছে। পি-১৭এ সিরিজের এও জাহাজের মোট খরচ ২৭,৫০০ কোটি টাকা এবং এমডিএল মুম্বাই এই শ্রেণীর ৭ টি জাহাজের মধ্যে ৪ টি তৈরি করছে । এই জাহাজের জন্য ব্যবহৃত ইস্পাতটি দেশীয়ভাবে তৈরি ডি এম আর ২৪৯এ, একটি নিম্ন-কার্বন মাইক্রো-অ্যালয় গ্রেডের ইস্পাত যা সেল( ঝঅওখ )দ্বারা নির্মিত । পি-১৭ আলফা জাহাজগুলি ভারতীয় নৌবাহিনী দ্বারা পরিচালিত অন্য যে কোনও যুদ্ধজাহাজের চেয়ে এটি আরও উন্নত, শক্তিশালী অস্ত্র এবং সেন্সর দিয়ে সজ্জিত। যা বাতাসে, সমুদ্রের পৃষ্ঠে এবং জলের নিচে তিন মাত্রায় হুমকিকে নিরপেক্ষ করতে সক্ষম। দেশীয়ভাবে ডিজাইন করা মহেন্দ্রগিরিতে থাকবে অত্যাধুনিক অস্ত্র, সেন্সর, উন্নত অ্যাকশন ইনফরমেশন সিস্টেম, ইন্টিগ্রেটেড প্ল্যাটফর্ম ম্যানেজমেন্ট সিস্টেম, বিশ্বমানের মডুলার থাকার ব্যবস্থা, অত্যাধুনিক বিদ্যুত বিতরণ ব্যবস্থা এবং অন্যান্য আধুনিক সুবিধা ।। মহেন্দ্রগিরি জাহাজের নামকরণ করা হয়েছে ওডিশায় অবস্থিত পূর্ব ঘাটের একটি পর্বতশৃঙ্গের নামানুসারে। এটি প্রজেক্ট ১৭ এ ফ্রিগেটের সপ্তম যুদ্ধজাহাজ । প্রকল্পটি উন্নত স্টিলথ বৈশিষ্ট্য যুক্ত, উন্নত অস্ত্র এবং সেন্সর সহ ১৭ শ্রেণীর ফ্রিগেটের উত্তরসূরি। মহেন্দ্রগিরি একটি প্রযুক্তিগতভাবে উন্নত যুদ্ধজাহাজ । এটি ভারতীয় নৌবাহিনীর ব্যুরো অফ নেভাল ডিজাইন দ্বারা ডিজাইন করা হয়েছে এবং এটি সর্বাধুনিক অত্যাধুনিক অস্ত্র, সেন্সর, যোগাযোগ সুবিধা এবং অন্যান্য সিস্টেমে সজ্জিত । মহেন্দ্রগিরি প্রায় ১৪৯ মিটার দীর্ঘ এবং ১৭ মিটার চওড়া । এটির ওজন প্রায় ৬,৬০০ টন এবং গতিবেগ প্রতি ঘন্টায় ৩০ নটিক্যাল মাইল । মহেন্দ্রগিরি জাহাজটিতে ২ টি আরবিইউ-৬০০০ অ্যান্টি-সাবমেরিন রকেট লঞ্চার লাগানো হয়েছে। অর্থাত ৭২ টি রকেট একসাথে উতেক্ষপণ করা যাবে। এতে একটি ৭৬ মিমি অটো মেলারা নেভাল গান বসানো হয়েছে। এছাড়াও ২ একে-৬৩০ এম সি আই ডবলু এস বন্দুক রয়েছে, যা শত্রুর জাহাজ, হেলিকপ্টার, নৌকা বা ক্ষেপণাস্ত্র ধ্বংস করতে সক্ষম। এই যুদ্ধজাহাজ দুটি ধ্রুব হেলিকপ্টার বা দুটি সি কিং এমকে হেলিকপ্টার মোতায়েন করা যাবে ।

## ২০২৩-এর অগাস্টে ইউপিআই লেনদেন

## ১ হাজার কোটি ছাড়ানোয় প্রশংসা প্রধানমন্ত্রীর

**নতুন দিল্লি, ১ সেপ্টেম্বর, ২০২৩ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২০২৩-এর অগাস্টে ইউপিআই লেনদেন ১ হাজার কোটি ছাড়ানোকে স্বাগত জানিয়েছেন। এনপিসিআই-এর করা পোস্টের উত্তরে প্রধানমন্ত্রী এক্স বার্তায় জানিয়েছেন "এটি ব্যতিক্রমী খবর। ভারতের জনগণের ডিজিটাল পদ্ধতি গ্রহণের ক্ষেত্রে অগ্রগতির প্রমাণ হল এটি এবং তাঁদের দক্ষতার প্রতি শ্রদ্ধার্ঘ্য। আগামী দিনেও এই ধারাবাহিকতা বজায় থাকুক।"

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তাতে দেখা গেছে মন্ত্রটি পাঠ করার সময় মস্তিষ্কের অন্দরে থাকা নিউরনগুলি এতটাই অ্যাক্টিভ হয়ে যায় যে ধীরে ধীরে মনোযোগ বৃদ্ধি পেতে শুরু করে। সেই সঙ্গে বুদ্ধি এবং স্মৃতিশক্তিরও উন্নতি ঘটে ।মানব জাতির উন্নতির একমাত্র ভরসা ও আরদ্ধ দেবতা শিব।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# হিন্দু ধর্মের উৎপত্তি ও ক্রমবিকাশ



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)

হিন্দুধর্ম ভারতীয় উপমহাদেশের বৃহত্তম তথা একটি দেশীয় ধর্মবিশ্বাস।হিন্দু ধর্মাবলম্বীগণ স্বীয় ধর্মমতকে সনাতন ধর্ম নামেও অভিহিত করেন।হিন্দুধর্ম বিশ্বের অন্যতম প্রাচীন ধর্ম তবে হিন্দু নামটি আধুনিকালের দেওয়া। এর প্রাচীন নাম হল সনাতন ধর্ম। আবার এই ধর্ম বৈদিক ধর্ম নামেও পরিচিত। এই ধর্ম বেদ এর উপর ভিত্তি করে গড়ে উঠেছিল। এ ধর্মতত্ত্বের মূল কথা হল ঈশ্বরের অস্তিত্বেই সকল কিছুর অস্তিত্ব এবং সকল কিছুর মূলেই স্বয়ং ঈশ্বর। হিন্দুধর্মের সাধারণ "ধরনগুলির" মধ্যে লৌকিক ও বৈদিক হিন্দুধর্মথেকে বৈষ্ণবধর্মের অনুরূপ ভক্তিবাদী ধারার মতো একাধিক জটিল মতবাদগুলির সমন্বয়ের এক প্রচেষ্টা লক্ষিত হয়।যোগ, কর্মযোগ ধারণা, ও হিন্দু বিবাহের মতো বিষয়গুলিও হিন্দুধর্মের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত।তাই সময়ের অগ্রগতির সাথে সাথে পৃথিবীতে বিভিন্ন ধর্ম বিস্তার লাভ করেছে। কাল খন্ডে অনেক মহাপুরুষ এই পৃথিবীর বুকে তাদের নানান মতবাদ প্রচার করে গেছেন। এদের মধ্যে সবচেয়ে প্রাচীন ধর্ম হচ্ছে এই হিন্দু ধর্ম। হিন্দু ধর্মকে কেও ধর্ম বলে তো কেউ জীবনের পথ। আজ এসম্পর্কেই বিস্তারিত আলোচনা করা হবে।সেই কারনে ভগবান শ্রীকৃষ্ণ বলেছেন মানুষের কর্মই সমাজে তার শ্রেণী নির্বাচন করে।কিন্তু ধীরে ধীরে সময়ের সাথে কিছু অসাধু মানুষ জন্মের ভিত্তিতেই এই শ্রেনী নির্বাচন শুরু করে। একটা সময় ভারতে বৌদ্ধ ধর্ম ও জৈন ধর্মের ব্যাপক বিস্তার ঘটেছিল। ঠিক এমন সময়ে অষ্টম শতকে হিন্দু ধর্মের পুনর্জাগরনের কাজ শুরু করে আদি শঙ্করাচার্য। বলা হয় তিনি ভগবান শিবের অবতার। আদি শঙ্করাচার্য ভারত ভ্রমন করে বিভিন্ন প্রান্তে চারটি গুরুত্বপূর্ণ মঠ তৈরি করেন যেমন দক্ষিনে শ্রীঙ্গিরে সারদা মঠ, পশ্চিমে দ্বারকায় কালিকা মঠ, উত্তরে বদ্রীনাথের কাছে যোশীমঠ এবং পূর্বে পুরীতে গোবর্ধন মঠ। একে হিন্দু ধর্মের চার ধাম বলা হয়। এভাবে যুগে যুগে বিভিন্ন মহাত্মা দ্বারা হিন্দু ধর্মের পুনর্জাগরণ চলতেই থাকে, বারো শতক থেকে ১৮ শতক পর্যন্ত। হিন্দু ধর্মে এটা বলা হয়েছে যখনই ধর্ম সংকট উপস্থিত হয়েছে তখনই ইশ্বর কোনও না কোনও রূপ নিয়ে আবির্ভূত হয়েছেন।যদি বলা হয় হিন্দু ধর্মের উতপত্তি কবে তাহলে এর কোন সঠিক তথ্য পাওয়া যায় না, এতটাই প্রাচিন এই ধর্ম। ঐতিহাসিকদের মতে আনুমানিক ৯০,০০০ বছরেরও পুরোনো তবে বেদ, উপনিষদ অনুযায়ী হিন্দু ধর্ম কয়েক লক্ষ বছরের পুরোনো, সুতরাং হিন্দু ধর্ম এতটাই প্রাচীন ধর্ম যার আদি খুঁজে পাওয়াই মুশকিল। গোটা বিশ্ব জুড়ে পৃথিবীর তৃতীয় বৃহত্তম ধর্ম হিন্দু ধর্মের অনুসারী সংখ্যা প্রায় ১০০ কোটি যার ৯০ শতাংশই ভারতে বসবাস করে। প্রাচীন হিন্দু ধর্মের মূল ভাষা ছিল সংস্কৃত যাকে দেবতাদের ভাষাও বলা হয়। প্রোটো ইন্দো আরিয়ান এবং প্রোটো ইন্দো ইউরোপীয়ান ভাষার উতপত্তিও সংস্কৃত ভাষা থেকেই বলে মনে করা হয়। ইংরেজি ভাষায় হিন্দু ধর্ম কথাটি প্রথম চালু হয় উনবিংশ শতকে।

আচ্ছা সেই থেকে যে এতক্ষন হিন্দু ধর্ম বলছি আসলে হিন্দু ধর্ম নামকরন অনেক পরে হয়েছে এই ধর্মের আসল নাম সনাতন ধর্ম। এবার জানা যাক হিন্দু নামের কারন। উত্তর পশ্চিম ভারতে একটি বিখ্যাত নদী হচ্ছে সিন্ধু। যখন পারস্য জাতির লোকেরা ভারতে প্রবেশ করে তারা এই স উচ্চারন করতে পারত না, তারা স কে হ বলত। সেই হিসাবে এই নদীকে হিন্দু বলত এবং এখানকার ভূমিকে হিন্দুস্তান বলত এবং এর আশেপাশের মানুষদের হিন্দু বলত। এভাবে ছয় শতকে প্রথম হিন্দু শব্দের উতপত্তি ঘটে পার্সিয়ানদের দ্বারা এবং মোটামুটি ১৩ শতকে ভারতের নাম হিন্দুস্তান হয়ে যায়। প্রথমে হিন্দু বলতে কোন বিশেষ ধর্মের লোকেদের বলা হতনা বরং ভারতী ভূমির সকল মানুষকে বোঝানো হত। পরে সপ্তম শতকে সর্বপ্রথম হিন্দুইজমের উল্লেখ পাওয়া যায় (যদিও একাধিক মতান্তর রয়েছে একাধিক ঐতিহাসিকবিদের মতে) একটি চাইনিজ বই রেকর্ড অফ দি ওয়েস্টার্ন রিজিয়নে। অনেকে আবার এটাও বলেন ১৮১৬ -১৭ সালে রাজা রামমোহন রায় সর্বপ্রথম এর উল্লেখ করেন।

১৮৩০ সাল থেকেই ব্রিটিশ কলোনীর মধ্যেই একদল ভারতী নিজেদের আলাদা প্রমান করবার জন্যই হিন্দু বলে নিজেদের পরিচয় দিতে শুরু করে। গৌড়ীয় বৈষ্ণব ধর্ম গ্রন্থ শ্রী চৈতন্য ভাগবত ও চৈতন্য চরনামিত তে হিন্দু ধর্মের উল্লেখ করা হয়েছে, মূলত অন্য ধর্মের মানুষদের থেকে আলাদা বোঝাতেই সনাতন ধর্মের লোকেদের হিন্দু বলা হত। এটা তো গেল হিন্দু ও হিন্দুইজমের উতপত্তির কারন। এবার যেটা প্রধান জিজ্ঞাসা থাকে, হিন্দু ধর্মের উতপত্তি কীভাবে হল? হিন্দু ধর্ম কারও একজনের দ্বারা তৈরি হয়নি। সিন্ধু সভ্যতায় ভগবান শিবের পশুপতি রূপ, পৃথিবী মায়ের মুর্তি, স্বস্তিকা চিহ্ন পাওয়া গেছে সুতরাং তখনও হিন্দু ধর্ম ছিল। সাধারণ ভাবে হিন্দু ধর্মের উতপত্তি বলতে বৈদিক কাল থেকেই মনে করা হয়। কিন্তু হিন্দু বা সনাতন ধর্মের সবচেয়ে প্রাচীন গ্রন্থ বেদ যেখানে সময়কে চার ভাগে ভাগ করা হয়েছে সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি।

কাল হিসাবে এককেটি যুগ কয়েক লক্ষ বছর অবধি স্থায়ী থাকে। এখন কলি যুগ চলছে, এই হিসাবে সত্য যুগ থেকে এখন অন্তত ২৮-৩০ লাখ সাল অতিক্রম হয়েছে। আবার গীতায় ভগবান শ্রীকৃষ্ণই বলেছেন গীতার জ্ঞান তিনি সর্বপ্রথম সূর্যদেব বিবস্বানকে দিয়েছিলেন বারো কোটি বছর আগে। সুতরাং হিন্দু ধর্মের উতপত্তি কবে এবং কে করেছিল সেটা খুঁজতে গেলে সারা জীবন লেগে যাবে তবুও হয়ত জানা যাবে না। হিন্দুইজমের চারটি মূল মতবাদ হচ্ছে কর্ম, আত্মা, পুনর্জন্ম ও মুক্তি। হিন্দু ধর্মে বিশ্বাস করা হয় প্রত্যেক জীবিত প্রানীর মধ্যেই আত্মা আছে যা মৃত্যুর সময় শরীর থেকে বেরিয়ে যায়। কর্মকে হিন্দু ধর্মে সবচেয়ে উচ্চ মানা হয়েছে, কারন মানুষ এজীবনে যা কর্ম করে তার ফল ভোগের জন্য তাকে নতুন শরীর ধারন করতে হয়, এখান থেকেই পুনর্জন্মের কথা এসেছে অর্থাত আত্মা শরীর ছেড়ে দেওয়ার পর আবারও নতুন শরীর ধারন করে এভাবে চক্রাকারে চলতেই থাকে। এভাবে কোনও এক জন্মে কর্ম বন্ধন ছিন্ন হয়ে গিয়ে আত্মা পরমাত্মায় মিশে যায় একেই মুক্তি বলা হয়েছে। হিন্দু ধর্মের সবচেয়ে প্রাচীন গ্রন্থ বেদ অনুযায়ী ইশ্বর নিরাকার, যার কোনও আকার নেই কিন্ত ইশ্বর বা পরম শক্তি যাকে নিরাকার ব্রহ্মা বলা হয়, মানুষের কল্যানে বিভিন্ন যুগে বিভিন্ন রূপে আসেন পৃথিবীতে।

হিন্দু ধর্মে প্রধানত তিনজন প্রধান ভগবানের কথা বলা হয়েছে, ব্রহ্মা সৃষ্টিকর্তা, বিষ্ণু পালন কর্তা এবং মহাদেব ধ্বংস কর্তা। হিন্দু ধর্মে নারীদের দেবী রূপে পূজা করা হয় প্রাচীন কাল থেকেই। যেমন দেবী দুর্গা, কালী, লক্ষী, সরস্বতী। শুধু তাই নয় হিন্দু ধর্মে প্রকৃতি ও জীবকেও পূজা করা হয় কারন বিশ্বাস করা হয় সমস্ত জীবের মধ্যেই ঈশ্বর আছেন। হিন্দু ধর্মে কোন নির্দিষ্ট ধর্মগ্রন্থ নেই। আসলে এই ধর্ম এতটাই প্রাচীন যে বিশ্বাস করা হয় বেদই হিন্দুদের প্রাচীন ধর্ম গ্রন্থ যা দেবতারা মানুষদের দিয়েছিল। বেদের চারটি ভাগ ঋগ্বেদ, যজুর্বেদ, সামবেদ ও অথর্ববেদ। এই প্রতিটি বেদ আবার চার ভাগে বিভক্ত সংহিতা, ব্রাহ্মণ, আরণ্যক ও উপনিষদ। এছাড়া রামায়ন, মহাভারত, ভগবত গীতা ও পুরান কে হিন্দু ধর্মের প্রধান গ্রন্থ হিসাবে মানা হয়। হিন্দু ধর্মে তিনটি প্রধান ভাগ আছে। বৈষ্ণব যারা ভগবান বিষ্ণু ও তার তার দশ অবতারের পুজো করে, শৈব যারা শিবের উপাসনা কর, শাক্ত যারা দেবী শক্তি বা মা কালীর উপাসনা করে। কিন্তু হিন্দু ধর্মের এই সমস্ত ভাগের মানুষদের মধ্যে কোন ঝামেলা নেই কারন সহ্যশক্তি হচ্ছে হিন্দু ধর্মের প্রধান ভিত্তি।

এতো গেল হিন্দু ধর্মের উতপত্তি এবং ধর্মীয় বিশ্বাসের কথা এবার জানা যাক হিন্দু ধর্মের সামাজিক জীবন সম্পর্কে। ঋগ্বেদের পুরুষোক্ত থেকে জানা যায় সমাজের বনাশ্রম প্রথার কথা। বেদে

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## সাড়া ফেলেছে আয়ুষ্মানের 'ড্রিম গার্ল' ছবির সিক্যুয়েল



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** 'গদর টু' এবং 'ওএমজি টু' নিয়ে মাতামাতির মধ্যে মুক্তি পেয়ে আয়ুষ্মান খুরানার 'ড্রিম গার্ল' ছবির সিক্যুয়েল। তবুও প্রথম সপ্তাহের শুরুর বক্স অফিস রিপোর্ট ইঙ্গিত করছে হিট হবে এই সিনেমা। ভারতীয় সংবাদমাধ্যম জানিয়েছে, রিপোর্ট অনুযায়ী 'ড্রিম গার্ল টু' প্রথম ৩ দিনে সিনেমাটি তুলল ৪০.১৭ কোটি রুপি ঘরে তুলেছে। গত শুক্রবার মুক্তি পেয়েছে 'ড্রিম গার্ল টু'। মুক্তির দিনেই সিনেমা ১০.৬৯ কোটি রুপি আয় করে। এরপর শনিবার তা বেড়ে হয় ১৪.০২ কোটি। আর রোববার আরও বেড়ে সিনেমাটি আয় ১৬ কোটি রুপি। সিনেমাটির প্রথম ৩ দিনের আয় দেখে অনেকেরই ধারণা ১০০ কোটির ঘর টপকে যাবেই।

'ড্রিম গার্ল টু' একটি ছোট-শহরের ছেলে করমের গল্প নিয়ে, যে চরিত্রে অভিনয় করেছেন আয়ুষ্মান খুরানা। আর পরীর চরিত্রে অনন্যা পাণ্ডে। আয়ুষ্মানের চরিত্রটি পূজার রূপ ধরে, যা দর্শকদের নিয়ে যায় হাসির রোলার কোস্টারে।

'ড্রিম গার্ল টু'র সাফল্যে খুশির সপ্তম স্বর্গে রয়েছেন আয়ুষ্মান খুরানা। তাকে বলতে শোনা যায়, 'আমার ক্যারিয়ারের সবচেয়ে বড় ওপেনিং দিয়েছে ড্রিম গার্ল টু। এই ফ্র্যাঞ্চাইজি প্রথম থেকেই আমায় ভালোবাসা এনে দিয়েছে। ড্রিম গার্ল টুর শুরুর ফলাফলে আমি সত্যিই খুশি। একজন বিনোদনকারী হিসাবে, দর্শকদের প্রেক্ষাগৃহে নিয়ে আসা এবং তাদের দুর্দান্ত সময় উপহার দেয়ার থেকে বড় আর কিছুই নেই।'

'ড্রিম গার্ল টু'তে আয়ুষ্মান-অনন্যা ছাড়াও অভিনয় করেছেন, পরেশ রাওয়াল, রাজপাল যাদব, বিজয় রাজ, অন্নু কাপুর, সীমা পাওয়া, মনোজ যোশি, অভিষেক ব্যানার্জি এবং মনজোত সিং।

রাজ শান্দিল্য পরিচালিত 'ড্রিম গার্ল টু' বালাজি মোশন পিকচার্সের ব্যানারে একতা কাপুর এবং শোভা কাপুর প্রযোজনা করেছেন। ২০১৯ সালে মুক্তি পেয়েছিল 'ড্রিম গার্ল'। যেখানে আয়ুষ্মানের বিপরীতে ছিলেন নুসরাত ভারুচা। সেই ছবিও বক্স অফিসে ২০০ কোটি রুপির ব্যবসা করেছিল।

## আমাকে কেউ নায়িকা বানানোর ঝুঁকি নিতে চান না : নোরা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউড সেনসেশন নোরা ফাতেহি, আইটেম গানে ঝড় তুললেও ক্যারিয়ারে এখন পর্যন্ত কোনো সিনেমায় নায়িকা হিসেবে মূল চরিত্রে কাজ করতে পারেননি। কিন্তু কেন নায়িকা চরিত্রে সুযোগ পাচ্ছেন না নোরা? এ বিষয়ে সম্প্রতি এক সাক্ষাৎকারে মুখ খুলেছেন তিনি।

নোরা বলেন, আমার মনে হয় না, আমি নাচি বলে আমাকে নায়িকা চরিত্রে নেওয়া হয় না। আমাদের আইকনিক নায়িকারাও ড্যান্সার ছিলেন এবং দারুণ কাজ করে গেছেন। তারা আইটেম গানেও বাজিমাত করেছিলেন। এটা (আইটেম ড্যান্সার) নায়িকা হওয়ার একটা অংশ শুধু। আসলে কেউ আমাকে নিয়ে নায়িকা বানানোর ঝুঁকি নিতে চান না। তিনি মনে করেন, যদি একজন নায়িকা সব দিক দিয়ে ভালো করে, মানে অভিনয় দক্ষতা, উপস্থিতি, গ্ল্যামার, ভাষাগত দক্ষতা সব উতরে যেতে পারে, তাহলে সুযোগটা দার। প্রতি বছর বলিউডে কিছু নির্দিষ্ট পরিমাণ ছবি তৈরি হয়। আর নির্মাতারা সবসময় তাদের চেনাজানা নায়িকা নিয়ে কাজ করেন, নতুনদের সুযোগ দিতে চান না।

তার কথায়, 'ধরুন চারজন নায়িকা সিনেমায় নিয়মিত কাজ করছে এবং তারাই ঘুরেফিরে কাজ পাচ্ছে। নির্মাতারাও ওই চারজনকে নিয়েই ভাবে, এর বাইরে চিন্তা করেন না।' বর্তমানে একাধিক সিনেমায় কাজ করছেন নোরা ফাতেহি। তবে কোনও প্রজেক্ট নিয়েই খুব একটা চর্চা নেই। হিন্দির পাশাপাশি তেলেগু অভিনেতা বরুণ তেজের সঙ্গেও একটি সিনেমা করছেন তিনি।

## 'মিস ইউনিভার্স ইন্ডিয়া' বিজয়ী শ্বেতা




**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** 'মিস ইউনিভার্স ইন্ডিয়া ২০২৩' বিজয়ী হয়েছেন ভারতের চণ্ডীগড়ের শ্বেতা শারদা। রবিবার মুম্বাইয়ে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের মাধ্যমে বেছে নেওয়া হয় মিস ইউনিভার্স মঞ্চের এই ভারতীয় প্রতিনিধিকে। গতবারের বিজয়ী দিভিতা রায় বিজয়ের মুকুট পরিয়ে দেন শ্বেতাকে।



দিল্লির মেয়ে সোনাল কুকরেজা 'মিস ডিভা সুপারন্যাশনাল ২০২৩'-এর খেতাব লাভ করেন। রানার আপ নির্বাচিত হয়েছেন কর্ণাটকের তৃষা শেঠি। ৭২তম মিস ইউনিভার্সে ভারতের প্রতিনিধিত্ব করবেন শ্বেতা। ইন্ডিয়া টুডে এ খবর প্রকাশ করেছে।

চণ্ডীগড়ের মেয়ে শ্বেতা শারদার বয়স ২২ বছর। ১৬ বছর বয়সে স্বপ্নপূরণের জন্য মায়ের সঙ্গে মুম্বাই পাড়ি জমান তিনি। সিঙ্গেল মাদার হিসেবে শ্বেতাকে বড় করেছেন তার মা। শ্বেতার জীবনের সবচেয়ে প্রভাবশালী মানুষও তার মা।

এই বিউটি পেজেন্টে অংশ নেওয়ার আগে শ্বেতা একাধিক রিয়েলিটি শোতে অংশ নিয়েছেন। এর মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য ড্যান্স ইন্ডিয়া ড্যান্স, ড্যান্স দিওয়ানে, ড্যান্স প্লাস-এর মতো শো। 'ঝালাক দিখলাজা' শোয়ের একজন কোরিওগ্রাফারও ছিলেন তিনি।

শ্বেতা বলিউডের একাধিক অভিনেতা অভিনেত্রীকে নাচ শিখিয়েছেন, তাদের সঙ্গে কাজ করেছেন। এদের মধ্যে আছেন দীপিকা পাড়ুকোন, সালমান খান, ক্যাটরিনা কাইফ, মৌনি রায়ের মতো তারকা। এমনকি মাধুরী দীক্ষিতও আছেন এই তালিকায়!

## বাবা-মায়ের কারণে প্রথম প্রেম ভেঙে যায় : জাহ্নবী





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চলচ্চিত্রের বাইরে ব্যক্তিগত জীবন নিয়েও বহুবার খবরের শিরোনাম হয়েছেন জাহ্নবী কাপুর। এরই মধ্যে অনেকের সঙ্গে তার প্রেমের সম্পর্কের গুঞ্জন চাউর হয়েছে। তবে বরাবরই তা অস্বীকার করেছেন এই অভিনেত্রী।

রুপালি পর্দায় পা রাখার আগে প্রথম প্রেমের সম্পর্কে জড়ান জাহ্নবী কাপুর। কিন্তু বাবা-মায়ের কারণে এ সম্পর্ক ভেঙে যায়। কুশা কপিলা সঞ্চালিত একটি শোয়ে হাজির হয়ে এ বিষয়ে খোলামেলা কথা বলেন জাহ্নবী কাপুর।

যদিও সেই প্রেমিকের নাম জানাননি তিনি। জাহ্নবী কাপুর বলেন, আমরা গোপনে দেখা করতাম। আমরা আমাদের ভালোবাসার সম্পর্ক গোপন রাখতে চেয়েছিলাম। কিন্তু মা-বাবার কারণে এ সম্পর্ক ভেঙে যায়। কারণ তারা এ সম্পর্কের পক্ষে ছিলেন না। মা-বাবাকে মিথ্যা বলতে বলতে ক্লান্ত হয়ে পড়েছিলাম।

'আমার বাবা-মায়ের বক্তব্য ছিল 'তোমার কোনো প্রেমিক থাকবে না।' এ বিষয়ে বাবা-মা খুবই রক্ষণশীল। এরপর আমি অনুধাবন করতে পারি, একটি সম্পর্কে বাবা-মায়ের গুরুত্ব কতটা! তাদের সম্মতি আত্মবিশ্বাসী করে তুলে এবং সবকিছু সহজ করে দেয়।' জাহ্নবী কাপুর।

উল্লেখ্য, নাম করা প্রযোজক বনি কাপুর ও প্রয়াত বলিউড অভিনেত্রী শ্রীদেবীর বড় কন্যা জাহ্নবী কাপুর। ২০১৮ সালে 'ধড়ক' সিনেমার মাধ্যমে বলিউডে পা রাখেন তিনি।

## ইতালি ছেড়ে

# সৌদি আরবের কোচ হলেন মানচিনি



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : ইতালি জাতীয় ফুটবল দলের প্রধান কোচের চাকরি ছেড়ে সৌদি আরবের জাতীয় ফুটবল দলের কোচের দায়িত্ব নিয়েছেন রবার্তো মানচিনি।

আগস্টের দ্বিতীয় সপ্তাহে আচমকাই ইতালি ফুটবল দলের প্রধান কোচের চাকরি ছেড়ে দেন মানচিনি। গুঞ্জন ছিল সৌদি আরবের কোচ হতে যাচ্ছেন তিনি। সেই গুঞ্জন সত্যি করে সৌদি ফুটবল দলের দায়িত্ব নিলেন রবার্তো মানচিনি।

৫৮ বছর বয়সী এই ইতালিয়ান ২০২৭ পর্যন্ত চুক্তিবদ্ধ হয়েছেন। ইতালিয়ান সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, বছরে আড়াই কোটি ইউরো বেতন দেওয়া হবে তাকে।

২০১৮ সালে ইতালির কোচের দায়িত্ব নিয়েছিলেন মানচিনি। দুই বছর পর তার অধীনেই ইউরো চ্যাম্পিয়ন হয় আজ্জুরিরা। টানা ৩৭ ম্যাচ অপরাজিত থেকে বিশ্বরেকর্ডও গড়ে। কিন্তু তারপরও খেলতে পারেনি ২০২২ বিশ্বকাপে।

সৌদি আরবের ডাগআউটে মানচিনির অভিষেক হবে আগামী ৮ সেপ্টেম্বর কোস্টারিকার বিপক্ষে। চার দিন পর দক্ষিণ কোরিয়ার মুখোমুখি হবে তার শিষ্যরা। দুটো ম্যাচই অনুষ্ঠিত হবে নিউক্যাসলের সেন্ট জেমস পার্কে।

সৌদি আরব ও ইতালি জাতীয় দলের আগে ইতালির ক্লাব ফিওরেন্তিনা, লাৎসিও ও ইন্টার মিলান, তুরস্কের গ্যালাতাসারে, রাশিয়ার জেনিত সেন্ট-পিটার্সবার্গ এবং ইংল্যান্ডের ম্যানচেস্টার সিটিকে কোচিং করিয়েছিলেন মানচিনি। ২০১২ সালে তার অধীনে খেলেই প্রথম প্রিমিয়ার লিগ শিরোপা জেতে সিটি।

সৌদি ফুটবল ফেডারেশনের প্রকাশ করা এক ভিডিওতে এই কোচ বলেন,'আমি ইউরোপে ইতিহাস গড়েছি, এখন সৌদির হয়ে ইতিহাস গড়ার পালা। সৌদি আরবের কোচ পদে প্রস্তাব পেয়ে আমি অত্যন্ত সম্মানিত বোধ করছি।'

## লিগের প্রথম ম্যাচেই নিয়মভঙ্গ,

# শাস্তি হতে পারে মেসির




স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : এই মুহূর্তে মেসি জ্বরে কাঁপছে মার্কিন যুক্তরাষ্ট্রের ফুটবল। তবে এবার শাস্তির শঙ্কায় পড়েছেন আর্জেন্টাইন এই ফুটবল সুপারস্টার।

মার্কিন ক্লাব ইন্টার মায়ামির হয়ে ৮ ম্যাচ খেলার পর শনিবার দেশটির মেজর লিগ সকারে (এমএলএস) অভিষেক হয় মেসির।

তবে ওই ম্যাচে মেসির বিরুদ্ধে এমএলএস-এর নিয়ম ভঙ্গের অভিযোগ উঠেছে। এজন্য মেসিকে শাস্তি দিতে পারে মেজর লিগ কর্তৃপক্ষ।

স্থানীয় সময় শনিবার নিউইয়র্ক রেড বুলসের বিপক্ষে ম্যাচ দিয়ে এমএলএসে অভিষেক হয় মেসির। ম্যাচে গোলেরও দেখা পান তিনি। তবুও স্বস্তিতে নেই বিশ্বকাপজয়ী এই ফুটবলার। কারণ, অভিষেক ম্যাচের দিনই লিগের একটি নিয়মভঙ্গ করেন সাতবারের ব্যালন ডি'অর জয়ী।

ইন্টার মায়ামির মুখপাত্র মলি ড্রেসকার বরাত দিয়ে ফুটবল বিষয়ক ওয়েবসাইট গোলডটকম জানিয়েছে, এমএলএস-এর নিয়ম অনুযায়ী প্রয়োজনে ম্যাচে অংশগ্রহণকারী সকল ফুটবলারদের ম্যাচ শেষে সাক্ষাৎকার দিতে হবে। কিন্তু নিউইয়র্ক রেড বুলসের বিপক্ষে ম্যাচ শেষে সাক্ষাৎকার দেননি মেসি।

মলি ড্রেসকা জানান, ম্যাচ শেষে গণমাধ্যমের মুখোমুখি না হয়ে এমএলএস-এর নিয়ম ভঙ্গ করেছেন মেসি। এ কারণে শাস্তির মুখোমুখি হতে পারেন বিশ্বকাপজয়ী এই ফুটবলার। যদিও এ বিষয়ে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত নেয়নি মেজর লিগ কর্তৃপক্ষ।

অভিষেক ম্যাচে শুরুর একাদশে ছিলেন না মেসি। আর্জেন্টাইন তারকাকে ছাড়াই প্রথমার্ধে ১-০ গোলের লিড নেয়ওদ্য হিরনস্থরা। দ্বিতীয়ার্ধে বদলি হিসেবে লিগে প্রথম গোল পান আর্জেন্টিনা অধিনায়ক। এ নিয়ে মায়ামির হয়ে সব মিলিয়ে ৯ ম্যাচে ১১ গোল করলেন মেসি।

## ছিটকে গেলেন মাদুশানকা



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : আসন্ন এশিয়া কাপ থেকে ছিটকে গেলেন লঙ্কান পেসার দিলশান মাদুশানকা। দুশমান্থ চামিরার পর টুর্নামেন্ট থেকে এবার ছিটকে গেলেন তিনি। ফলে চোট জর্জরিত বোলিং বিভাগ নিয়েই এশিয়া কাপ শুরু করতে হচ্ছে লঙ্কানদের।

পেসার লাহিরু কুমারাকে নিয়েও আছে শঙ্কা। লেগ স্পিনার ওয়ানিন্দু হাসারাঙ্গার খেলার বিষয়টি অনিশ্চিত। উরুর চোটে ভুগছেন তিনি।

গত শুক্রবার প্রস্তুতি ম্যাচ খেলার সময় পেশিতে চোট পান ২২ বছর বয়সী মাদুশানকা। শ্রীলঙ্কা দলের মেডিকেল কমিটির চেয়ারম্যান প্রফেসর অর্জুনা ডি সিলভা বলেছেন, অক্টোবরে অনুষ্ঠেয় বিশ্বকাপের আগে মাদুশানকা ফিট হবেন কিনা, তাও নিশ্চিত নয়।

আগামী বৃহস্পতিবার বাংলাদেশের বিপক্ষে ম্যাচ দিয়ে শুরু হবে শ্রীলঙ্কার এশিয়া কাপ অভিযান। 'বি' গ্রুপে তাদের দ্বিতীয় ও শেষ ম্যাচ আফগানিস্তানের সঙ্গে, ৫ সেপ্টেম্বর।

## মেসিকে নিয়ে

# যা বললেন স্ক্যালোনি



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : যার পায়ের জাদুতে মুগ্ধ সারা বিশ্ব তিনি হলেন আর্জেন্টাইন তারকা ফুটবলার লিওনেল মেসি। বিশ্বজয়ের পর যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের ক্লাবটিতে যোগ দিয়েই অসাধ্য সাধন করেছেন তিনি। সেই সঙ্গে বদলে গেছে ইন্টার মায়ামি। কোনো ইতিহাস বা ঐতিহ্য না থাকা ক্লাবটি এখন হয়ে উঠেছে ইতিহাস। প্রথমবারের মত ডেভিড বেকহামের দলকে নিয়ে গেছেন লিগস কাপের ফাইনালে। এমনকি মেসির জাদুর স্পর্শেই এ টুর্নামেন্টের শিরোপাও জিতে নেয় মিয়ামি। এর পর ইউএস ওপেন কাপের ফাইনালেও পৌঁছেছে মিয়ামি।

গত ডিসেম্বরেই যেন সব 'খারাপ' জিনিস জীবন থেকে চলে গেছে মেসির। ৩৬ বছরের খরা কাটিয়ে আর্জেন্টিনাকে বিশ্বকাপ জেতালেন। মায়ামিতে যোগ দিয়ে মাত্র ৭ ম্যাচে জিতলেন আরও একটি শিরোপা। যেটা কিনা ক্লাবটির ইতিহাসেরই প্রথম শিরোপা।

যুক্তরাষ্ট্রের মেজর লীগ সকারের (এমএলএস) দল ইন্টার মায়ামির জার্সিতে এখন পর্যন্ত ৯ ম্যাচ খেলেছেন লিওনেল মেসি। যেখানে তিনি গোল করেছেন ১১টি, দল জিতেছে সব ম্যাচ। তবে পরিসংখ্যান একপাশে রাখলেও, মেসিকে দেখে মনে হচ্ছে খেলাটা উপভোগ করছেন তিনি যেটা অনুপস্থিত ছিল পিএসজির জার্সিতে।

এবার যুক্তরাষ্ট্রের মেসির যাত্রা নিয়ে কথা বলেছেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী দলের কোচ লিওনেল স্ক্যালোনি। আর্জেন্টিনার ফুটবল অ্যাসোসিয়েশনের ওয়েবসাইটে বিশ্বকাপ জয়ী কোচ লিওনেল স্ক্যালোনি বলেন, 'যুক্তরাষ্ট্রে মেসি খুব ভালো আছে। আমি দেখতে পাচ্ছি সে সুখে আছে। সেখানে সে উজ্জীবিত, যা ভালো বিষয়। কারণ দিন শেষে তাকে ভালো থাকতে হবে। ভালো জায়গায় থাকতে হবে। তার পরিবারও আনন্দে আছে।'

তিনি বলেন, 'লিগে তার উপস্থিতি অবিশ্বাস্য যা তার সতীর্থ ও প্রতিপক্ষ উভয়কে অনুপ্রেরণা জোগায়। খেলার পাশাপাশি মেসি লিগ ও পুরো দেশের ফুটবলকে জনপ্রিয় করে তুলেছে। ইন্টার মায়ামির ম্যাচে দর্শক উপস্থিতি তার প্রমাণ। সবাই তাকে খেলতে দেখতে চায়। সে এর মধ্যে অনেক কিছু করেছে এবং আমি মনে করি খেলা চালিয়ে যাওয়ার জন্য যথেষ্ট ভালো অবস্থায় লিও আছে। বাকিটা তার ওপর নির্ভর করেছে।'

## দল ঘোষণা আফগানিস্তানের, ফিরলেন জানাত



স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : টি-টোয়েন্টি দলের নিয়মিত সদস্য হলেও আফগানিস্তানের হয়ে কেবল একটি ওয়ানডে খেলেছেন কারিম জানাত। সাড়ে ৬ বছর পর এই সংস্করণের দলে ডাক পেয়েছেন এই পেস বোলিং অলরাউন্ডার। এশিয়া কাপের জন্য ২৭ আগস্ট ১৭ সদস্যের দল ঘোষণা করেছে আফগানিস্তান। দেড় বছরের বেশি সময় পর ওয়ানডে দলে জায়গা পেয়েছেন শারাফউদ্দিন আশরাফ।

ক্যারিয়ারের একমাত্র ওয়ানডেটি ২০১৭ সালের ফেব্রুয়ারিতে জিম্বাবুয়ের বিপক্ষে খেলেন জানাত। এরপর থেকে এই সংস্করণে আফগানদের হয়ে তাকে আর মাঠে নামতে দেখা যায়নি। সময়ের সঙ্গে আফগানদের টি-টোয়েন্টি দলের গুরুত্বপূর্ণ সদস্য হয়ে ওঠেন জানাত। ২৫ বছর বয়সী এই ক্রিকেটার গত জুলাইয়ে বাংলাদেশের বিপক্ষে হ্যাটট্রিকও করেন। আন্তর্জাতিক টি-টোয়েন্টিতে ৪৯ ম্যাচে তার উইকেট ৩৭টি, ৩ ফিফটিতে রান ৫০৮। গত জুনে বাংলাদেশের বিপক্ষে মিরপুরে টেস্ট অভিষেকও হয়ে যায় জানাতের।

ক্যারিয়ারের ১৯ ওয়ানডের সবশেষটি ২০২২ সালের জানুয়ারিতে খেলেন স্পিনিং অলরাউন্ডার আশরাফ, নেদারল্যান্ডসের বিপক্ষে। এই সংস্করণে ব্যাট হাতে তেমন কিছু করতে পারেননি তিনি, ১১ ইনিংসে রান কেবল ৬৬। বাঁহাতি স্পিনে অবশ্য ধরেছেন ১৩ শিকার। লিস্ট 'এ' ক্রিকেটে ৫৮ ম্যাচ খেলে ২ ফিফটিতে আশরাফের রান ৬৯৬, উইকেট ৬৫টি।

পাকিস্তানের বিপক্ষে গত শনিবার শেষ হওয়া তিন ম্যাচের ওয়ানডে সিরিজের দল থেকে বাদ পড়েছেন ওয়াফাদার মোমান্দ। সাইড স্ট্রেইন চোটের কারণে এশিয়া কাপের দলে নেই আজমতউল্লাহ ওমারজাই। তার জায়গায় দলে যোগ করা হয়েছে গুলবাদিন নাইবকে। পাকিস্তানের বিপক্ষে হোয়াইটওয়াশ হওয়া সিরিজ শুরুর দিন চোটে পড়ে ছিটকে যান নাজিবউল্লাহ জাদরান। এশিয়া কাপ দিয়ে দলে ফিরলেন এই মিডল অর্ডার ব্যাটসম্যান। ওই সিরিজে কোনো ম্যাচ না খেলেই টিকে গেছেন তরুণ বাঁহাতি রিস্ট স্পিনার নুর আহমাদ।

এশিয়া কাপে 'বি' গ্রুপে রয়েছে আফগানিস্তান। লাহোরে ৩ আগামী রোববার বাংলাদেশের বিপক্ষে ম্যাচ দিয়ে শুরু হবে তাদের এশিয়া কাপ অভিযান। দুই দিন পর একই ভেন্যুতে শ্রীলঙ্কার মুখোমুখি হবে তারা।

আফগানিস্তানের এশিয়া কাপ দল: রহমানউল্লাহ গুরবাজ, ইব্রাহিম জাদরান, রিয়াজ হাসান, রেহমাত শাহ, হাশমাতউল্লাহ শাহিদি (অধিনায়ক), নাজিবউল্লাহ জাদরান, মোহাম্মাদ নাবি, ইকরাম আলিখিল, রাশিদ খান, গুলবাদিন নাইব, কারিম জানাত, আব্দুল রহমান, শারাফউদ্দিন আশরাফ, মুজিব উর রহমান, নুর আহমাদ, মোহাম্মাদ সালিম, ফাজালহাক ফারুকি।

## ক্রিকেটের ইতিহাসে প্রথম,

# লাল কার্ড দেখে মাঠের বাইরে নারিন




স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন : চলতি বছরেই ক্যারিবিয়ান প্রিমিয়ার লিগে (সিপিএল) শাস্তি হিসেবে লাল কার্ড দেখানোর নিয়ম চালু হয়েছে। তবে টুর্নামেন্টের প্রথম ১১টি ম্যাচে একবারও আম্পায়ারদের লাল কার্ড ব্যবহার করতে হয়নি। তবে লিগের ১২ নম্বর ম্যাচে এসে প্রথমবার পকেট থেকে লাল কার্ড বের করতে হয় আম্পায়ারকে। এক্ষেত্রে হতাশাজনক কারণে ইতিহাস গড়েন সুনীল নারিন।

স্লো ওভার রেটের চূড়ান্ত শাস্তি হিসেবে এ বছর সিপিএলে লাল কার্ডের প্রচলন করে ক্যারিবিয়ান ক্রিকেট বোর্ড। সিপিএলের ইতিহাসে প্রথম দল হিসেবে লাল কার্ড দেখে ত্রিনবাগো নাইট রাইডার্স। এতে সিপিএলের প্রথম ক্রিকেটার হিসেবে লাল কার্ড দেখে মাঠের বাইরে চলে যেতে হয় সুনীল নারিনকে। শুধু ক্যারিবিয়ান প্রিমিয়র লিগেই নয়, বরং ক্রিকেটের ইতিহাসে প্রথম প্লেয়ার হিসেবে লাল কার্ড দেখে মাঠের বাইরে যেতে হয় নারিনকে।

সেন্ট কিটস অ্যান্ড নেভিস প্যাট্রিয়টসের বিরুদ্ধে ম্যাচে ত্রিনাবাগো নাইট রাইডার্স নির্ধারিত সময়ে ২০ ওভারের বোলিং কোটা পূর্ণ করতে পারেনি। ২০তম ওভার শুরুর আগে স্লো ওভার-রেটের দায়ে পড়ায় তাদের একজন ক্রিকেটারকে লাল-কার্ড দেখিয়ে মাঠের বাইরে বের করে দেন আম্পায়ার। এক্ষেত্রে দলের ক্যাপ্টেনকে ঠিক করতে হয় কে বাইরে যাবেন। ক্যাপ্টেন পোলার্ড শেষ ওভারে সুনীল নারিনকে মাঠের বাইরে যেতে বলেন, যেহেতু তিনি আগেই তার বোলিং কোটার ৪ ওভার পূর্ণ করেছিলেন। সুতরাং, এটা বলা মোটেও ভুল হবে না যে, দলের ভুলের মাশুল দিয়ে মাঠ ছাড়তে হয় নারিনকে। গোটা দলের হয়ে শাস্তি মাথা পেতে নেন ক্যারিবিয়ান রহস্য স্পিনার।

সিপিএলে স্লো ওভার-রেটের তৃতীয় তথা চূড়ান্ত শাস্তি হিসেবে লাল-কার্ড ব্যবহার করা হয়। ১৮তম ওভারের শুরুতে যদি নির্ধারিত সময়ের থেকে পিছিয়ে থাকে কোনও দল, তবে অতিরিক্তি ১ জন ফিল্ডারকে ত্রিশ গজের বৃত্তের ভিতরে রাখতে হবে সংশ্লিষ্ট দলকে। অর্থাৎ, বৃত্তের ভিতরে থাকবে মোট ৫ জন ফিল্ডার।

১৯তম ওভারের শুরুতেও যদি সেই দল নির্ধারিত সময়ের থেকে পিছিয়ে থাকে, তবে বাড়তি দু'জন ফিল্ডারকে বৃত্তের ভিতরে রাখতে হবে হবে। অর্থাৎ, এক্ষেত্রে বৃত্তের ভিতরে থাকবে মোট ৬ জন ফিল্ডার।

২০তম ওভারের শুরুতেও যদি সেই দল নির্ধারিত সময়ের থেকে পিছিয়ে থাকে, তবে বৃত্তের বাইরে থাকা একজন ফিল্ডারকে লাল কার্ড দেখে মাঠের বাইরে চলে যেতে হবে। অর্থাৎ, বোলার-কিপার বাদে সেক্ষেত্রে বৃত্তের ভিরতে থাকবে ৬ জন ফিল্ডার এবং বাইরে থাকবে ২ জন ফিল্ডার। মাঠে থাকবে ফিল্ডিং দলের সাকুল্যে ১০ জন ক্রিকেটার।

শেষ ওভারে বৃত্তের বাইরে মাত্র ২ জন ফিল্ডার থাকার সুযোগ নিয়ে ব্যাটার শেরফান রাদারফোর্ড ডোয়েন ব্র্যাভোর ওভারে ১৮ রান সংগ্রহ করেন। শেষ ওভারে তিনি ৩টি চার ও ১টি ছক্কার মারেন।

যদিও নাইট রাইডার্স শেষমেশ ম্যাচ জিতে মাঠ ছাড়ে। প্রথমে ব্যাট করে সেন্ট কিটস নির্ধারিত ২০ ওভারে ৫ উইকেটের বিনিময়ে ১৭৮ রান তোলে। জবাবে ব্যাট করতে নেমে নাইট রাইডার্স ১৭.১ ওভারে ৪ উইকেটের বিনিময়ে ১৮০ রান তুলে ম্যাচ জিতে যায়।

## কলকাতায় পাকিস্তানের

# ম্যাচগুলোর সব টিকেট শেষ



স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন : বিশ্বকাপে ভারতের ম্যাচের টিকেট বিক্রি এখনও শুরু হয়নি। তবে অন্য দেশগুলোর ম্যাচের টিকেট নিয়ে হাহাকার শুরু হয়ে গেছে। মুম্বাই ও বেঙ্গালুরুতে ভারত বাদে বাকি দেশগুলির যে ম্যাচ রয়েছে তার সব টিকেট বিক্রি হয়ে গেছে। কলকাতাতেও একই অবস্থা। ২৫ অগস্ট থেকে ভারত ছাড়া বাকি দেশগুলোর ম্যাচের টিকিট বিক্রি শুরু হয়েছে। ভারত ছাড়া সবচেয়ে বেশি আগ্রহ পাকিস্তান নিয়ে। কলকাতা এবং বেঙ্গালুরুতে যে দু'টি করে পাকিস্তানের ম্যাচ রয়েছে, তার সব টিকিট বিক্রি হয়ে গিয়েছে।

মুম্বাইয়ের ওয়াংখেড়ে এবং বেঙ্গালুরুর চিন্নাস্বামী স্টেডিয়ামে ভারত বাদে যে ম্যাচগুলি রয়েছে তার সব টিকিট শেষ। মুম্বাইয়ে ইংল্যান্ড-দক্ষিণ আফ্রিকা, দক্ষিণ আফ্রিকা-বাংলাদেশ এবং অস্ট্রেলিয়া-আফগানিস্তান ম্যাচের টিকেট ১৫ মিনিটে শেষ হয়ে গিয়েছে। কলকাতায় ৩১ অক্টোবর পাকিস্তান বনাম বাংলাদেশ এবং ১১ নভেম্বর পাকিস্তান বনাম ইংল্যান্ড ম্যাচের সব টিকেট শেষ। সবচেয়ে কম দামের টিকেট ৮০০ টাকার।

ধরমশালায় ভারত বাদে চারটি ম্যাচ রয়েছে। তার মধ্যে ২৮ অক্টোবর অস্ট্রেলিয়া বনাম নিউজিল্যান্ড ম্যাচের টিকিট শেষ। গ্রুপ পর্বে ভারতের ম্যাচগুলির টিকেট ধাপে ধাপে বিক্রি শুরু হবে ১ সেপ্টেম্বর রাত ৮টা থেকে। কতক্ষণে সেগুলি শেষ হবে তা সহজেই অনুমেয়।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR